# পাথর লুটে জড়িতদের ছাড় নয়, আইন অনুযায়ী ব্যবস্থা: জনপ্রশাসন সচিব



সংগৃহীত ছবি

সিলেটের সাদাপাথরে পাথর লুটপাটে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোখলেছুর রহমান। তিনি বলেন, প্রশাসনের বড় কর্মকর্তা কিংবা কোনো দলের প্রভাবশালী ব্যক্তিও দায় এড়াতে পারবেন না। একইসঙ্গে পুরো পর্যটন এলাকাকে সিসি ক্যামেরার আওতায় আনার নির্দেশ দিয়েছেন তিনি।

সিলেটের সাদাপাথর এলাকায় পাথর লুটপাট নিয়ে কঠোর অবস্থান নিয়েছে সরকার। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোখলেছুর রহমান শুক্রবার (২২ আগস্ট) সকালে সাদাপাথর পর্যটন কেন্দ্র পরিদর্শন করেন।

এসময় তিনি সাংবাদিকদের বলেন, “সাদাপাথরে শুধু লুট নয়, হরিলুট হয়েছে। যারা এ ঘটনায় জড়িত, তারা যত বড় প্রভাবশালীই হোক না কেন, আইনের বাইরে থাকতে পারবে না। প্রশাসনের কোনো কর্মকর্তার সম্পৃক্ততা থাকলেও ব্যবস্থা নেওয়া হবে।”

তিনি আরও বলেন, বিজিবি ক্যাম্পের পাশেই এমন ভয়াবহ লুটপাট হয়েছে, এ দায় সংশ্লিষ্ট বাহিনী কোনোভাবেই এড়াতে পারে না। পর্যটন কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করতে পুরো সাদাপাথর স্পটকে ২৪ ঘণ্টা সিসি ক্যামেরার আওতায় আনার নির্দেশনা দেওয়া হয়েছে।

পরিদর্শন শেষে সচিব সাদাপাথর এলাকার বিভিন্ন স্থান ঘুরে দেখেন। এসময় সরকারের একাধিক মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন